ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং-ইআবি/পরি/অনার্স, কামিল-প্রা.পা/২০১৯/১৪৭৯৬ তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

অনার্স ও কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদানের অনুমতির বিষয়ে সাগরদী ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ রূপাতলী, উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল (SAGARDI ISLAMIA KAMIL MADRASAH (EIIN-100836, CODE-16329) এর অধ্যক্ষের ০৫.০৫.২০২৫ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধির অনুচ্ছেদ-১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে অনুচ্ছেদ-১৩ এর ঙ মোতাবেক মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে ১৪.০৭.২০২৫ খ্রি. থেকে ১৩.৭.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ফাজিল (অনার্স)-আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিষয় ও কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস ও তাফসীর বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

**শর্তসমূহঃ**

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ফাজিল (অনার্স)-আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিষয় এবং ২০২৩-২০২৪ খ্রি. থেকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস ও তাফসীর বিভাগ এর কার্যক্রম চালু হবে।

২. ইআবির তৃতীয় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ৪.৫ (ক) ও ৭.৪ (ক) অনুযায়ী শিক্ষক নিয়োগ দিতে হবে।

৩. রেজিস্টার খাতায় লিপিবদ্ধ পূর্বক নথি খোলা, নথিতে ফাইল নোট অনুমোদন পূর্বক সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করা এবং দীর্ঘস্থায়ীভাবে নথি সংরক্ষণ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. একাডেমিক, প্রশাসনিক ও আর্থিকসহ সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।

৫. কলামনার ক্যাশ বই যথাযথভাবে পূরণ করতঃ আয় ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে।

৬. কামিল ও ফাজিল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি ও শ্রেণিকক্ষে উপস্থিতি নিশ্চিত করতঃ ভালো ফলাফল অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭. মাদরাসার সাইনবোর্ডে বাংলার সাথে আরবিতে মাদরাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।

৮. শ্রেণিকক্ষে মূল কিতাব/বই এর ব্যবহার নিশ্চিত করতে হবে।

৯. শিক্ষক ও শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি ভাষা শিক্ষা এবং আইসিটি বিষয়ে দক্ষতা অর্জনে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

১৪/৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতি. দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
সাগরদী ইসলামিয়া কামিল মাদরাসা
ডাকঘরঃ রূপাতলী, উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল।

স্মারক নং-ইআবি/পরি/অনার্স, কামিল-প্রা.পা/২০১৯/১৪৭৯৬ তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, সাগরদী ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ রূপাতলী, উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল।
৮। অফিস নথি।

১৪/০৭/২৫

(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়